# ENO বৃক্ষরোপন দিবস ২০১০ উদযাপনের জন্য আমন্ত্রণ

## - জীববৈচিত্রই জীবন

ENO প্রোগ্রাম শিক্ষাপ্রতিষ্ঠান, শিশু-কিশোর ও যুব সংগঠনগুলোকে বৃক্ষরোপনের জন্য আবেদন জানায় - জীববৈচিত্র এবং টেকসই ভবিষ্যতের জন্য। ২১ মে ২০১০ পৃথিবীর ১৫০টি দেশে একযোগে আমাদের এই ENO বৃক্ষরোপন দিবস পালিত হবে। একই দিনে আমরা জৈবিক বৈচিত্র বিষয়ক আন্তর্জাতিক দিবস এবং জীববৈচিত্র বৎসর ২০১০ উদযাপন করবো। চলুন আমাদের অর্জনগুলোকে এমনভাবে প্রতিফলিত করি যেন জীববৈচিত্র রক্ষা পায় এবং ভবিষ্যতে আমাদের যেসব চ্যালেঞ্জের মুখোমুখি হতে হবে তার দিকে দৃষ্টি নিবদ্ধ করি। এখনই কিছু করার সময়। চলুন আমরা আমাদের করণীয়টুকু করি, অর্থাৎ গাছ লাগাই।

দিনের প্রথম গাছগুলো লাগানো হবে মধ্যদুপুরে ওসেনিয়া অঞ্চলে। তারপর সূর্যের পথ ধরে ক্রমে গাছ লাগানো হবে একে একে এশিয়া, ইউরোপ ও আফ্রিকায়। শেষে এই নতুন গাছের সারি পৌঁছাবে আমেরিকায়। পৃথিবী তার কক্ষপথ একবার ঘুরবে আর এখানেই নতুন নতুন গাছ পাবে তাদের আবাস।

কীভাবে এতে যুক্ত হওয়া যায়। প্রথমে আপনার প্রতিষ্ঠান বা সংগঠনকে অনলাইনে নিবন্ধন করুন। এটি করতে হবে ১লা মে'র মধ্যে। প্রতিটি অংশগ্রহণকারি শিক্ষাপ্রতিষ্ঠান বা সংগঠনকে একটি সনদ দেয়া হবে। এ বিষয়ে বিস্তারিত নির্দেশাবলি এবং উপকরণ সম্পর্কে জানতে দয়া করে ওয়েবসাইট লক্ষ্য করুন।

এনভায়র্ণমেন্ট অনলাইন - ENO একটি ছায়া স্কুল, এবং টেকসই উন্নয়নের লক্ষ্যে গঠিত আন্তর্জাতিক নেটওয়ার্ক। সারা পৃথিবীর বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানগুলো একইসাথে পরিবেশ সম্পর্কে একই বিষয়ের উপর যথাযথ বাস্তবিক কাজে অংশ নেয় এবং শিক্ষালাভ করে। তারপর তাদের অর্জিত শিক্ষা এবং প্রাপ্ত ফলাফল তাদের নিজেদের এলাকায় এবং ওয়েবের মাধ্যমে আন্তর্জাতিক অঙ্গনে ছড়িয়ে দেয়। ১৫০টি দেশের প্রায় ৫০০০ স্কুল এই কার্যক্রমে অংশ নিচ্ছে। ENO প্রোগ্রামটি এক দশক আগে শুরু হয়েছিল, আর এর প্রধান কার্যালয় রয়েছে ফিনল্যান্ডে।

ENO বৃক্ষরোপন দিবস ২০১০ : http://www.enotreeday.net


**বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুনঃ**

মাইকা ভেনহানেন, পরিচালক

ENO - এনভায়র্ণমেন্ট অনলাইন

mika.vanhanen@enoprogramme.org


ENO Environment Online

2010 International Year of Biodiversity

## প্রস্তুতি

১. কেবল আদি প্রজাতির গাছগুলোই রোপন করুন, যেগুলো আপনার আবহাওয়ার উপযোগী এবং আপনার এলাকার জন্য সচরাচর প্রধান বৃক্ষ।
২. গাছের চারা আপনার স্থানীয় সরবরাহকারিদের কাছ থেকে সংগ্রহ করুন। এ কাজের জন্য স্পনসর খুঁজে বের করুন।
৩. উপযুক্ত জায়গা খুঁজে নিন এবং আগে থেকেই প্রয়োজনীয় গর্ত খুরে রাখুন। যদি কোন সহযোগিতার দরকার হয় তবে, স্থানীয় অভিজ্ঞদের কাছ থেকে সহায়তা নিন।
৪. ছাত্র-ছাত্রী বা স্বেচ্ছাসেবক প্রস্তত রাখুন যারা বৃক্ষগুলো রোপন করবে।
৫. আপনার এলাকার স্থানীয় অধবাসীদের সম্পৃক্ত করুন।
৬. একজনকে আগে থেকে ঠিক করে রাখুন যে একটি সংক্ষিপ্ত বক্তৃতা দিবে। (নিচে লক্ষ্য করুন)
৭. অনুষ্ঠানটির ছবি তোলা ও ভিডিও তৈরি করার জন্য প্রস্তুতি নিয়ে রাখুন।
৮. অপরাপর প্রতিষ্ঠান ও স্থানীয় নীতিনির্ধারকদের অনুষ্ঠানে অংশ নেয়ার জন্য আমন্ত্রণ জানান। তাদের মধ্য থেকেও কেউ এই অনুষ্ঠানে বক্তব্য প্রদান করতে পারেন।
৯. আপনার শিক্ষা প্রতিষ্ঠানে একটি বিশ্ব মানচিত্র তৈরি করুন যেখানে সবগুলো দেশ দেখা যাবে, যে সব জায়গায় এই বৃক্ষরোপন কার্যক্রম চলবে।
১০. স্থানীয় মিডিয়াকে সম্পৃক্ত করুন। (একটি প্রেস বিজ্ঞপ্তির নমূনার জন্য নিচে লক্ষ্য করুন।)

## ENO বৃক্ষরোপন দিবস ২০১০ উদযাপনের জন্য আমন্ত্রণ
## - জীববৈচিত্রই জীবন

তারিখ : শুক্রবার, ২১ মে ২০১০
সময় : দুপুর ১২টা থেকে ১২টা ৩০ মিনিট (অথবা দিনের বেলায় এই সময়ের আগে/পরে)

১. আপনার গাছ লাগানোর জায়গাটিতে যান এবং গাছের চারাগুলোর পাশে সমবেত হোন।
২. একজন ছাত্র বা ছাত্রী বক্তব্য প্রদান করবে।
৩. ছাত্র-ছাত্রী বা স্বেচ্ছাসেবকেরা স্থানীয় বয়োবৃদ্ধদের সাথে নিয়ে গাছগুলো লাগাবে।
৪. এলাকার মুরুব্বি বা নীতিনির্ধারকদের মধ্য থেকে একজন বক্তব্য রাখতে পারেন।
৫. অন্য কোন অনুষ্ঠানও থাকতে পারে যেমন একটি নাটিকা “Drops of Life” অথবা কোন সঙ্গীত/নৃত্য।
৬. দলগত ছবি তোলার ব্যবস্থা করুন যাতে ছাত্র-ছাত্রী ও উপস্থিত অন্য সবার সাথে গাছের চারাগুলোও দেখা যায়।

## পরের কাজ

১. ওয়েব সাইটে আমাদের গেস্টবুকে আপনার একটি মেসেজ পাঠিয়ে দিন।
২. দয়া করে একটি সংক্ষিপ্ত রিপোর্ট পাঠাবেন যাতে থাকবে:
    ক. আপনার শিক্ষাপ্রতিষ্ঠান বা সংগঠনের নাম
    খ. আপনার শহরের নাম
    গ. আপনার দেশের নাম
    ঘ. অংশগ্রহণকারির সংখ্যা
    ঙ. একটি ছবি (বেশি নয় কারণ আমাদের অন্তত ৫০০০ প্রতিষ্ঠান এতে অংশ নিচ্ছে।)
৩. আপনার এই মেসেজ এবং ছবিসহ রিপোর্ট পাঠানোর জন্য নিচের যথাযথ ঠিকানাটি ব্যবহার করুন:
আপনি ইউরোপের কোন অঞ্চলের হলে photoseurope@enoprogramme.org
আপনি আফ্রিকার কোন অঞ্চলের হলে photosasia@enoprogramme.org
আপনি উত্তর বা দক্ষিণ আমেরিকার কোন অঞ্চলের হলে photosamerica@enoprogramme.org
আপনি এশিয়া বা ওসেনিয়ার কোন অঞ্চলের হলে photosasia@enoprogramme.org
৪. আপনার ভিডিও ক্লিপ অনলাইনে সংরক্ষণ করুন (যেমন ইউটিউব) এবং এর লিঙ্কটি (সরাসরি ভিডিও ফাইলটি নয়) পাঠিয়ে দিন এই ঠিকানায়: videos@enoprogramme.org. আমরা তারপর এই লিঙ্কটি ইভেন্ট ওয়েব সাইটে সংযুক্ত করে দিবো। আপনার পাঠানো ছবিগুলোও পরবর্তিতে দেখা যাবে ওয়েবসাইটের অনলাইন এলবামে।
৫. রোপন করা চারাগুলোর যত্ন করুন।

# বৃক্ষরোপন দিবসের জন্য প্রয়োজনীয় উপকরণ

## অনুষ্ঠানের বক্তৃতা

আমাদের পরিবেশ আমাদের কাছে গুরুত্বপূর্ণ। কেবল স্থানীয়ভাবে নয়, বৈশ্বিক অর্থেও। পরিবেশ আর জীববৈচিত্রের দিকে নজর দেয়ার উপযুক্ত সময় আজই। আমরা এ কাজটি সারাবিশ্বের স্কুল, শিশুকিশোর, যুবসমাজ ও অন্যান্য সংগঠনকে নিয়ে একসাথে করতে পারি। আজকে আমরা আমাদের সবুজ বন্ধুদের সাথে উত্তর, দক্ষিণ, পূর্ব ও পশ্চিমে বৃক্ষরোপন করবো। দিনের প্রথম গাছগুলো লাগানো হবে ওসেনিয়া অঞ্চলে। তারপর সূর্যের পথ ধরে ক্রমে গাছ লাগানো হবে একে একে এশিয়া, ইউরোপ ও আফ্রিকায়। শেষে এই নতুন গাছের সারি পৌঁছাবে উত্তর ও দক্ষিণ আমেরিকায়। ১৫০টি দেশের হাজার হাজার শিক্ষাপ্রতিষ্ঠান আজকের এই বৃক্ষরোপন অনুষ্ঠানে অংশ নিচ্ছে। এর আয়োজক ফিনল্যান্ডভিত্তিক সংস্থা এনভায়র্ণমেন্ট অনলাইন - ENO, যা একটি ছায়া স্কুল, এবং টেকসই উন্নয়নের লক্ষ্যে গঠিত আন্তর্জাতিক নেটওয়ার্ক।

একটি গাছ আমাদের একটি প্রতীক। প্রথমত, এটি আমাদেরকে প্রকৃতির গুরুত্ব এবং পরিবেশ সংরক্ষণের কথা মনে করিয়ে দেয়। দ্বিতীয়ত, এটি আমাদের স্কুলভিত্তিক বৈশ্বিক আন্তঃসম্পর্ককে প্রতীককাকারে তুলে ধরে।

আমরা আজকে উদযাপন করছি আন্তর্জাতিক জীববৈচিত্র দিবস। জীববৈচিত্র বলতে পৃথিবীতে প্রাণের বৈচিত্রকে বোঝায়। এটি স্বাভাবিক জীবনযাত্রা ব্যবস্থা টিকিয়ে রাখার জন্য খুব প্রয়োজনীয়। এটি সামগ্রিক প্রতিবেশ পদ্ধতির জন্যও দরকারি যা আমাদেরকে খাদ্য, জ্বালানি, স্বাস্থ্য, সম্পদ ও অন্যান্য গুরুত্বপূর্ণ সেবা প্রদান করে থাকে। মানুষও এই জীববৈচিত্রের একটি অংশ। মানুষের ক্ষমতা আছে একে রক্ষা অথবা ধ্বংস করার। সাম্প্রতিক সময়ে আমাদের কার্যক্রম ব্যাপকভাবে জীববৈচিত্রের ক্ষতিসাধন করে চলেছে। এই ক্ষতি অপূরণীয়, যা আমাদের সবাইকে দূর্বল করে দিচ্ছে এবং ধ্বংস করছে আমাদের জীবনধারণকারি প্রাকৃতিক পরিবেশ। কিন্তু আমরা তাদের প্রতিরোধ করতে পারি। আমরা আমাদের অর্জনগুলোকে সামনে আনতে পারি যেন জীববৈচিত্র রক্ষা পায় এবং জরুরি চ্যালেঞ্জ মোকাবেলা করার জন্য প্রস্তুত হতে পারি। কাজ করার জন্য এখনই উপযুক্ত সময়।

আমরা আশা করি এই গাছগুলোর সাথে সাথে আমরাও একত্রে বেড়ে উঠবো একটি সুন্দর ভবিষ্যতের লক্ষ্যে। জীববৈচিত্রই আমাদের জীবন।

## প্রেস বিজ্ঞপ্তি

# স্কুলগুলোর ব্যতিক্রমধর্মী বৃক্ষরোপন

আমরা শিক্ষাপ্রতিষ্ঠান ও অন্যান্য সংগঠনকে সাথে নিয়ে ২১ মে ২০১০ দিনটিকে একটি বিশেষ দিবস হিসেবে পালন করতে যাচ্ছি। এই দিনে সারা পৃথিবী জুড়ে আমরা বৃক্ষরোপন করবো। দিনের প্রথম গাছগুলো লাগানো হবে মধ্যদুপুরে ওসেনিয়া অঞ্চলে। তারপর সূর্যের পথ ধরে ক্রমে গাছ লাগানো হবে একে একে এশিয়া, ইউরোপ ও আফ্রিকায়। শেষে এই নতুন গাছের সারি পৌঁছাবে আমেরিকায়। এটি একটি সফল উদ্যোগ। গত বছর ১২৭টি দেশের ৫০০০ এর বেশি শিক্ষাপ্রতিষ্ঠান এতে অংশ নিয়ে এক দিনে ৩ লক্ষ বৃক্ষরোপন করেছে।

বৃক্ষরোপন আমাদের সকলের কাছে খুবই গুরুত্বপূর্ণ। প্রথমত, এটি আমাদেরকে প্রকৃতির গুরুত্ব এবং পরিবেশ সংরক্ষণের কথা মনে করিয়ে দেয়। দ্বিতীয়ত, এটি আমাদের স্কুলভিত্তিক বৈশ্বিক আন্তঃসম্পর্ককে প্রতীকাকারে তুলে ধরে। এই দিনটি জৈবিক বৈচিত্র বিষয়ক আন্তর্জাতিক দিবস হওয়ায় আমরা জীববৈচিত্রের গুরুত্বের দিকেও দৃষ্টি দিতে চাই। আমরা আমাদের অর্জনগুলোকে এমনভাবে প্রতিফলিত করতে চাই যেন জীববৈচিত্র রক্ষা পায় এবং ভবিষ্যতে আমাদের যেসব চ্যালেঞ্জের মুখোমুখি হতে হবে তার দিকে দৃষ্টি নিবদ্ধ হয়। এখনই কিছু করার সময়।

এর আয়োজক সংস্থা হচ্ছে এনভায়র্ণমেন্ট অনলাইন - ENO, যা একটি ছায়া স্কুল, এবং টেকসই উন্নয়নের লক্ষ্যে গঠিত আন্তর্জাতিক নেটওয়ার্ক। এর মাধ্যমে সারা পৃথিবীর বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানগুলো একইসাথে পরিবেশ সম্পর্কে একই বিষয়ের উপর যথাযথ বাস্তবিক কাজে অংশ নেয় এবং শিক্ষালাভ করে। তারপর তাদের অর্জিত শিক্ষা এবং প্রাপ্ত ফলাফল তাদের নিজেদের এলাকায় এবং ওয়েবের মাধ্যমে আন্তর্জাতিক অঙ্গনে ছড়িয়ে দেয়। বিষয়গুলোর মধ্যে আছে বন, পানি, জলবায়ু পরিবর্তন, প্রতিবেশ সম্পর্কিত পদচিহ্ন, এবং সংস্কৃতি। এ বছর ১৫০টি দেশের প্রায় ৫০০০ স্কুল এই কার্যক্রমে অংশ নিচ্ছে। ENO প্রোগ্রামটি শুরু হয়েছিল এক দশক আগে, আর এর প্রধান কার্যালয় রয়েছে ফিনল্যান্ডে।

ENO বৃক্ষরোপন দিবস ২০১০ : http://www.enotreeday.net

ENO Environment Online

2010 International Year of Biodiversity